

তারিখ: ১৪.০৫.২০১৭

বার্তা সম্পাদক সমীপে

সংবাদপত্রে প্রকাশার্থে

দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক/বিটিভি/টিভি চ্যানেল/বাসস/ইউএনবি/বিবিসি বাংলাদেশ/ভয়েস অব আমেরিকা/তারা বাংলা/ বাংলাদেশ বেতার/এনটিভি/এটিএন বাংলা।

বিষয়: অব্যাহতভাবে শিশু ধর্ষণের ঘটনা বৃদ্ধি পাওয়ায় বাংলাদেশ মহিলা পরিষদের গভীর উদ্বেগ।

অদ্য ১৪.০৫.২০১৭ ইং তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানতে পারি যে, ঢাকা মহানগরসহ সারাদেশে ৬টি শিশু ধর্ষণের শিকার হয়েছে। এছাড়া গত ১২.০৫.২০১৭ ইং তারিখ ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকায় ৩ জন শিশু ধর্ষণের শিকার হয়েছে। অদ্য বাংলাদেশ মহিলা পরিষদের প্রতিনিধি ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টারে তথ্যানুসন্ধানকালে জানতে পারেন যে, গত তিন দিনে ০৮ জন নারী ও শিশু ধর্ষণের শিকার হয়ে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টারে ভর্তি হয়েছে, এদের মধ্য ০৫ জনই শিশু যাদের বয়স পাঁচ থেকে দশ বছরের মধ্যে। বাংলাদেশ মহিলা পরিষদে সংরক্ষিত ১৪টি দৈনিক জাতীয় পত্রিকার ক্লিপিং এর ভিত্তিতে প্রাপ্ত তথ্য অনুযায়ী দেখা যায় গত এপ্রিল, ২০১৭ মাসে ৪৩ জন শিশু ধর্ষণসহ বিভিন্নভাবে নির্যাতনের শিকার হয়েছে।

বাংলাদেশ মহিলা পরিষদ উদ্বেগজনকহারে শিশু ধর্ষণের ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করছে। এসকল ঘটনার সাথে জড়িতদের দ্রুত গ্রেফতার, সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতদের যথাযথ শাস্তির লক্ষ্যে প্রশাসনসহ সংশ্লিষ্টদের কাছে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জোর দাবি জানাচ্ছে। পাশাপাশি নির্যাতনের শিকার পরিবারের নিরাপত্তা নিশ্চিতকরণেরও দাবি জানাচ্ছে। শিশু নির্যাতনের ঘটনার কারণ উদঘাটন সাপেক্ষে এরূপ ঘটনার পুনরাবৃত্তি রোধে আশু কার্যকর বিশেষ ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনসহ সংশ্লিষ্টদের কাছে জোর দাবি জানাচ্ছে। সেইসাথে দেশব্যাপী শিশু নির্যাতনের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানাচ্ছে।

ধন্যবাদসহ-

ডা. ফওজিয়া মোসলেম

সভাপতি (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ মহিলা পরিষদ

কেন্দ্রীয় কমিটি

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ

কেন্দ্রীয় কমিটি